গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ এর কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

নং ৭৭/জি,

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ / ০৮ মে ২০২৪

## অফিস আদেশ

এই জজশীপে কর্মরত জনাব মোঃ সোহরাব হোসেন, হিসাব রক্ষক, সহকারী জজ আদালত, পুঠিয়া, রাজশাহী এর জন্ম তারিখ: ১০/০৫/১৯৬৫ খ্রিঃ। আগামী ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখে ৫৯ বছর পূর্ণ হইবে। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ তাহাকে সরকারি চাকরি হইতে অবসর প্রদান করা হলো। একই আইনের ধারা-৪৭ এর বিধান অনুযায়ী ১০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হইতে ০৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর তথা ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হইল।

ছুটির প্রাপ্যতা থাকায় চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপানুচ্ছেদ (২)(খ) মোতাবেক তাহার ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটির নগদায়ন (লাম্পগ্রান্ট) প্রদানে অনুমতি প্রদান করা হইল। সেই হিসেবে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট (২০,৩৯০×১৮) = ৩,৬৭,০২০/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার বিশ) টাকা।

তাহার সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং বিচার/বাগ/২৫৩ (১০০০১৯৩৮৫৮), বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী এর চূড়ান্ত পাওনা পরিশোধের অথরিটি প্রাপ্তি সাপেক্ষে জমাকৃত আসল ও সুদসহ সমূদয় টাকা উত্তোলনের অনুমতি প্রদান করা হইল।

তাহাকে আগামী ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ অপরাহ্নে তাহার দায়িত্ব হতে অবমুক্ত করতঃ অবসরোত্তর ছুটিতে যাওয়ার অনুমতি দেওয়া গেল।

তিনি বিধি মোতাবেক অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্ত হবেন।
সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করানো হউক।

(শেখ মফিজুর রহমান) ০৮/০৫/২৪
সিনিয়র জেলা ও দায়রা জজ
রাজশাহী
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং ১৭৩/২৪-(৬)/জি,

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩১ / ০৮ মে ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। সহকারী জজ আদালত, পুঠিয়া, রাজশাহী।
২। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী।
৩। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী।
৪। জনাব মোঃ সোহরাব হোসেন, হিসাব রক্ষক, সহকারী জজ আদালত, পুঠিয়া, রাজশাহী ।
৫। অফিস কপি।

জেলা ও দায়রা জজ আদালত
রাজশাহী

আদেশক্রমে-

০৮/০৫/২৪
(মোঃ ফজলে রাব্বী)
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী জজ আদালত এর কার্যালয়,
পুঠিয়া, রাজশাহী।

আদেশ নম্বরঃ ৫৯ | তারিখঃ ০৯/০৫/২০২৪ খ্রিঃ।

মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, রাজশাহী মহোদয় ০৮ মে/২০২৪ খ্রিঃ তারিখের ৭৭/জি নম্বর আদেশ দ্বারা আদালতের হিসাব রক্ষক জনাব মোঃ সোহরাব হোসেন এর জন্ম তারিখঃ ১০/০৫/১৯৬৫ খ্রিঃ অনুসারে ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখে ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হইবে মর্মে সরকারি চাকুরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারাঃ ৪৩(১)(ক) অনুযায়ী তাঁহাকে ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকুরী হইতে অবসর গ্রহণ করিতে নির্দেশ প্রদান করিয়াছেন এবং ১০/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হইতে ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১২ (বার) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর (পি.আর.এল) ছুটিসহ ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট হিসাবে মঞ্জুর করিয়াছেন।

এতদসহ তাহার সাধারণ ভবিষ্যৎ তহবিল নং বিচার/বাগ/২৫৩ হিসাবে জমাকৃত আসল ও সুদসহ সমূদয় অর্থ চূড়ান্তভাবে উত্তোলনের অনুমতি প্রদান করিয়াছেন।

মহোদয়ের নির্দেশ অনুসারে জনাব মোঃ সোহরাব হোসেনকে ০৯/০৫/২০২৪ খ্রিঃ তারিখ সরকারি চাকুরী হইতে অবসর গ্রহনের অনুমতি প্রদান করা হল এবং তাহার দায়িত্ব আদালতের সেরেস্তাদার বরাবর অর্পন করিতে নির্দেশ প্রদান করা হল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক

(মোঃ আতিকুর রহমান)
সহকারী জজ
সহকারী জজ আদালত
পুঠিয়া, রাজশাহী।

স্মারক নম্বরঃ 96/24 (৫) | তারিখঃ ০৯/০৫/২০২৪ খ্রিঃ।

আদেশের অনুলিপি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, রাজশাহী।
২। মাননীয় ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রাজশাহী।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪। জনাব মোঃ সোহরাব হোসেন, হিসাব রক্ষক, সহকারী জজ আদালত, পুঠিয়া, রাজশাহী।
৫। অফিস কপি।

(মোঃ আতিকুর রহমান)
সহকারী জজ
সহকারী জজ আদালত
পুঠিয়া, রাজশাহী।

সহকারী জজ
পুঠিয়া থানা, রাজশাহী।